



আমাকে ফেলে রাখবেন না।

১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

[মুসক আন্তর্জাতিক সম্পর্ক ও কূটনৈতিক অব্যাহতি শাখা]

[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ নং-২১/মুসক/২০১৮

০২ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ
তারিখঃ ১৫ জানুয়ারি, ২০১৯ খ্রিষ্টাব্দ।

বিষয় : বিশ্ব খাদ্য কর্মসূচী (World Food Programme বা / WFP) কর্তৃক স্কুল ফিডিং প্রোগ্রামের আওতায় বিস্কুট ক্রয়ের ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মুসক) মওকুফ প্রদান।

যেহেতু, বিশ্ব খাদ্য কর্মসূচী (World Food Programme বা / WFP) স্থানীয় উৎপাদকের নিকট হতে বিস্কুট ক্রয়পূর্বক দেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রাথমিক স্কুলের শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে বিতরণ করবে, এবং

যেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও বিশ্ব খাদ্য কর্মসূচী এর মধ্যে সম্পাদিত চুক্তিতে বিধি ও পদ্ধতি অনুসরণে দেশের অভ্যন্তরে স্থানীয়ভাবে ক্রয়কৃত খাদ্য সামগ্রীর উপর আরোপণীয় স্থানীয় করাদি সরকার মওকুফ করবে মর্মে শর্ত রয়েছে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৪ এর উপ-ধারা (১ক) এ প্রদত্ত ক্ষমতাবলে WFP স্থানীয় সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে WFP এর সম্পাদিত বিনিময় চুক্তির আওতায় নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহ কর্তৃক তাদের নামের বিপরীতে প্রতিক্ষেত্রে বর্ণিত পরিমাণ বিস্কুট সরবরাহের (সাকুল্যে ৭০৬.০৫২ মে.টন এবং ২৩৯.৮৬৯ মে.টন মোট ৯৪৫.৯২১ মেঃটন) উপর উৎপাদন পর্যায়ে স্তরে আরোপণীয় মূল্য সংযোজন কর (মুসক) হতে অব্যাহতি প্রদান করা হলো, যথাঃ-

সূত্র	প্রতিষ্ঠানের নাম	প্রতিষ্ঠান/ফ্যাক্টরীর ঠিকানা	সরবরাহতব্য বিস্কুটের পরিমাণ (মেঃটন)
BARBGD18HEB03	Central Marketing Company	Ramnagore, Rajarhat, Jessore	706.052
4500068833	New Olympia Biscuit Fac. Pvt. Ltd.	Savar, Bangladesh	239.869
Total Quantity			945.921

০২। উল্লেখ্য, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৯(১) অনুযায়ী সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান তৎকর্তৃক সরবরাহকৃত বিস্কুট উৎপাদনে ব্যবহৃত উপকরণের উপর পরিশোধিত মূল্য সংযোজন কর রেয়াত গ্রহণ করতে পারবে না।

০৩। এ আদেশ ৩০ জুন ২০১৯ খ্রিষ্টাব্দ পর্যন্ত বলবৎ থাকবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
স্বাক্ষরিত/- ১৫/০১/২০১৯ খ্রিষ্টাব্দ
(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)
প্রথম সচিব (মুসক নীতি)

প্রাপকঃ

Country Director
World Food Programme,
Dhaka, Bangladesh.

নথি নং- ০৮.০১.০০০০.০৭০.০১.০২২.১৮/০৬(১)

তারিখঃ ১৫/০১/২০১৯ খ্রিস্টাব্দ।


অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। Christa Rader, Representative, World Food Programme, UN Office, IDB Bhaban, E/8-A, Rokeya Sharani, Sher-e-Bangla Nagar, Dhaka-1207.
- ২-৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(দক্ষিণ)/ ঢাকা(উত্তর)/ ঢাকা(পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/ যশোর/ খুলনা/-
তাকে আদেশভুক্ত পণ্যাদি সরবরাহ পর্যায়ে সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও সার্কেলকে নিবিড় তদারকি করার লক্ষ্যে প্রয়োজনীয়
নির্দেশ দানের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।
- ৮। ব্যবস্থাপনা পরিচালক, সেন্ট্রাল মার্কেটিং কোম্পানী লিঃ, রামনগর, রাজারহাট, যশোর-৭৪০০।
- ৯। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স নিউ অলিম্পিয়া বিস্কুট ফ্যাক্টরী এন্ড থাঃ লিঃ, বাড়ি-১২, সড়ক-১৩, সেক্টর-৪, উত্তরা, ঢাকা।

(খ) অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১০-১১। প্রথম সচিব (মুসক নীতি)/(মুসক-বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

১২-১৩। দ্বিতীয় সচিব (মুসক মনিটরিং, পরিসংখ্যান ও সমন্বয়)/(মুসক বাস্তবায়ন-সেবা ও আবগারী), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।


(নিতীশ বিশ্বাস)

দ্বিতীয় সচিব

(মুসক আন্তর্জাতিক সম্পর্ক ও কূটনৈতিক অব্যাহতি)